

Independence Day Speech In Bengali

নমস্কার

এখানে উপস্থিত সকলকে আমার তরফে নমস্কার, ও ভালোবাসা।

বন্দে মাতরম,

ভারতমাতা কী? জয়।

আজ ১৫ আগস্ট ২০২০ স্বাধীনতার ৭৬ তম মহোৎসব (Independence Day of India) । ১৯৪৭ সালের ১৫ আগস্ট ভারত ব্রিটিশ শাসন থেকে মুক্ত হয়ে স্বাধীনতা লাভ করেছে এবং তাই আজকে আমরা ভারতের স্বাধীন নাগরিক।

কিন্তু এই লড়াই, অনেক কষ্টের ছিল এবং যারা আমাদেরকে স্বাধীনতা এনে দিয়েছেন সেই সমস্ত বীর মহা সংগ্রামীদের আজকে আমরা শতকোটি প্রণাম জানাই।

গান্ধীজী, নেতাজি সুভাষ চন্দ্র বসু, ভগৎ সিংহ, বাসির রাণী লক্ষ্মীবাই, মাতঙ্গিনী হাজারার,সর্দার বল্লভভাই প্যাটেল, জোহর লাল নেহরু, থেকে শুরু করে বাবাসাহেব আমেবদকার, মৃত্যুঞ্জয় স্কুদিরাম এবং হাজারো হাজারো সাধারণ মানুষ সংঘবদ্ধ লড়াই এনেছে ভারতের স্বাধীনতা।

আজকের এই দিনে ওই সমস্ত মহান বীরদের স্মরণ করার দিন। এবারের 76 তম ভারতের স্বাধীনতা দিবস, ১৯৪৭ থেকে ২০২০।

১৯৪৭ সালের ১৫ আগস্ট দিল্লির লালকেল্লায় ভারতের প্রথম প্রধানমন্ত্রী জোহর লাল নেহরু জাতীয় পতাকা উত্তোলন করেন। সেই থেকেই ১৫ আগস্ট ভারতের স্বাধীনতা দিবস হিসাবে মানা হয় ও "তেরঙা" পতাকা স্কুল, কলেজ, যেকোনো শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী দপ্তর, বেসরকারি প্রতিষ্ঠান এবং বাড়িতে বাড়িতে, হাতে হাতে এই দিনে জাতীয় পতাকা দেখতে পাওয়া যায়।

কিন্তু আমাদের এই পতাকার আসল অর্থ ও ব্যবহার জানতে হবে। এই পতাকা যেন আমাদের মনের, ঋদয়ের পতাকা হয়।

উপরে **গেরুয়া রঙ** নিচে **সবুজ** মাঝে সাদা এবং সবার মাঝে **অশোক চক্র** - এই নিয়েই আমাদের জাতীয় পতাকা। প্রত্যেকটি রঙের এক একটি অর্থ আছে....

গেরুয়া : গেরুয়া রঙ ত্যাগ ও বৈরাগ্যের প্রতীক।

এরই মধ্যেই আমরা খুঁজে পাই স্বাধীনতা সংগ্রামী মানুষদের ত্যাগ ও বৈরাগ্যকে।

সাদা : আমাদের আত্মনিয়ন্ত্রণ ও স্বভাবের পথপ্রদর্শক সত্যপথ ও আলোর প্রতীক।

সাদা শান্তির ও সংপথের জীবনকে নিয়ে যাওয়ার প্রতীক।

সবুজ : সবুজ মৃত্তিকা তথা সকল প্রাণের প্রতীক। সবুজ মানেই মৃত্তিকা ফসল যা আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাবে। সবুজ প্রাণকে আমাদের বুঝতে হবে।

অশোক চক্র : অনুশাসনের প্রতীক ও গতিশীলতার প্রতীক। অশোকচক্র গতিশীলতার প্রতীক এগিয়ে যাওয়া, কখনো থেমে না থেকে এগিয়ে যাওয়া।

এই হল আমাদের দেশ ভারত মাতার দেশ। হিন্দু মুসলিম, শিখ সমস্ত ধর্মকে সমান সন্মান ও ভালোবাসে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া।